দৈনিক ইনকিলাব

তারিখ ... 18 NOV 1998 ...
পৃষ্ঠা ১ কলাম ৫

সংসদে শিক্ষামন্ত্রী

# ফাজিল-কামিল ছাত্রদের বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দানের কোন পরিকল্পনা সরকারের নেই

**সংসদ রিপোর্টার ঃ** শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেছেন, ফাজিল ও কামিল পাস মাদ্রাসা ছাত্রদেরকে বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দানের কোন পরিকল্পনা সরকারের নেই।

গতকাল (মঙ্গলবার) জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে আওয়ামী লীগের জয়নাল হাজারীর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ কথা জানান। জনাব সাদেক বলেন, দ্বিতীয় শ্রেণী/বিভাগে স্নাতক ডিগ্রী অথবা এসএসসি বা এইচএসসি বা এর সমমানের যে কোন একটি পরীক্ষায় প্রথম বিভাগসহ স্নাতক ডিগ্রীধারী প্রার্থীরা বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেন। কিন্তু ফাজিল ও কামিল উল্লিখিত ডিগ্রীর সমতুল্য নয় বলে শিক্ষামন্ত্রী

১১-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## সংসদে শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

তার উত্তরে উল্লেখ করেন।

### বিসিএস পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের পরিকল্পনা

সরকার দলীয় সদস্য জয়নাল হাজারীর প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, বিসিএস পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের পরিকল্পনা সরকারের রয়েছে। তিনি সংসদকে আরো জানান যে, ভবিষ্যতে ঐচ্ছিক বিষয়ের এবং মনস্তাত্ত্বিক পরীক্ষা বন্ধ করে 'মানসিক দক্ষতা' নামে একটি বিষয়সহ সব ক্যাডারের প্রার্থীদের জন্য ৮০০ নম্বরের লিখিত ও ২০০ নম্বরের মৌখিক পরীক্ষাসহ মোট ১০০০ নম্বরের সমন্বিত পরীক্ষা গ্রহণের সম্ভাবনা আছে। তাছাড়া পরীক্ষার পাস নম্বর পরিবর্তনেরও পরিকল্পনা রয়েছে। মন্ত্রী আশা করেন, ২১তম বিসিএস থেকে নতুন পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা যাবে।